

**আপনি বিচার প্রক্রিয়া চালিয়ে যেতে ব্যর্থ হলে বা ক্ষতিপূরণের দাবি অননুমোদিত হলে অথবা WCL §32
অনুসারে চুক্তির অনুমোদন দেওয়া হলে আপনাকে চিকিৎসার খরচ বহন করতে হতে পারে সে
সংক্রান্ত নোটিশ**

WCB মামলা নম্বর (যদি জানা থাকে)	দাবি অ্যাডমিন দাবি নম্বর (যদি জানা থাকে)	আঘাতের তারিখ	আঘাত বা অসুস্থতার ধরন	দাবিদারের SOC। ধারা নম্বর
দাবিদার	নাম	ঠিকানা		অ্যাপার্টমেন্ট নম্বর
নিয়োগকর্তা				
বিমা কোম্পানি (কারিয়ার)				

আপনি আপনার হেলথ কেয়ার প্রোভাইডার সহ নীচে তালিকাভুক্ত অসুস্থতা বা অবস্থার জন্য চিকিৎসার খরচের জন্য দায়ী হতে পারেন যদি (1) আপনি শ্রমিকদের ক্ষতিপূরণের দাবির বিচার চালিয়ে যেতে ব্যর্থ হন বা (2) শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড দ্বারা নির্ধারিত হয়, যে অসুস্থতা বা অবস্থার জন্য চিকিৎসার প্রয়োজন তা কর্মক্ষেত্রে ঘটা দুর্ঘটনার জন্য কোনো ক্ষতিপূরণযোগ্য বা পেশাগত রোগের ফল নয় বা (3) যদি আপনার দ্বারা শ্রমিকদের ক্ষতিপূরণ আইন §32 অনুযায়ী একটি চুক্তি সম্পাদিত ও অননুমোদিত হয় যেখানে আপনি চুক্তিটি অননুমোদিত হওয়ার তারিখের পরে সম্পাদিত চিকিৎসা/সেবার জন্য শ্রমিকদের ক্ষতিপূরণ বিমাকারী/স্ব-বিমাধারী নিয়োগকর্তার কাছ থেকে চিকিৎসা সুবিধা পাওয়ার অধিকার পরিত্যাগ করেন। উপরের যেকোনো একটি ক্ষেত্রে, নিয়োগকর্তা বা বিমা কোম্পানির পরিবর্তে প্রোভাইডার আপনাকে সরাসরি বিল দিতে পারে এবং প্রদত্ত সেবাগুলোর জন্য প্রোভাইডারকে ফি দিতে আপনি দায়বদ্ধ থাকবেন।

আমি এতদ্বারা স্বীকার করছি যে আমি উল্লিখিত বিষয়টি পড়েছি এবং যে পরিস্থিতিগুলোতে আমি অর্থপ্রদানের জন্য দায়ী হতে পারি সেগুলো বুঝতে পেরেছি।

দাবিদারের স্বাক্ষর _____ তারিখ _____

প্রোভাইডারের নাম ও ঠিকানা _____

দাবিদার বরাবর

শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড নীতিমালা 325-1.23-তে অনুমোদন রয়েছে যে আপনার হেলথ কেয়ার প্রোভাইডার এই A-9 নোটিশে স্বাক্ষর করার জন্য আপনাকে অনুরোধ করতে পারেন। এই নোটিশে স্বাক্ষর করার মাধ্যমে, আপনি যে সেবাগুলো পান তার জন্য প্রোভাইডারের ফি প্রদান করার বাধ্যবাধকতা স্বীকার করে নেন যদি দেখা যায় যে এই ধরনের ফি আপনার নিয়োগকর্তা বা তার শ্রমিকদের ক্ষতিপূরণ বিমা কোম্পানির বহন করা আইনত প্রয়োজনীয় নয় এবং যদি এই ধরনের ফি অন্যান্য বিমা কোম্পানি বহন না করে। নিয়োগকর্তা বা বিমাকারীকে প্রোভাইডারের ফি প্রদানের প্রয়োজন নাও হতে পারে যদি, উদাহরণস্বরূপ, আপনি শ্রমিকদের ক্ষতিপূরণের দাবি দাখিল করতে ব্যর্থ হন বা আপনার আঘাত বা অসুস্থতার বিষয়ে আপনার নিয়োগকর্তাকে অবহিত করতে ব্যর্থ হন বা যদি আপনার নিয়োগকর্তার আপনার বেনিফিট পাওয়ার অধিকারকে করা চ্যালেঞ্জের ভিত্তিতে বোর্ডের শুনানিতে আপনি উপস্থিত হতে ব্যর্থ হন। এমনকি আপনি যদি আপনার দাবি সংক্রান্ত বিচার চালিয়ে যাওয়ার জন্য সকল প্রয়োজনীয় প্রচেষ্টা করেনও, শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ড মনে করতে পারে যে আপনার বেনিফিট পাওয়ার অধিকার নেই। এই ধরনের ক্ষেত্রে, এই নোটিশটি আপনার হেলথ প্রোভাইডারকে অবহিত করে যে আপনি তার বিল পরিশোধের জন্য ব্যক্তিগতভাবে দায় গ্রহণ করবেন।

শ্রমিকদের ক্ষতিপূরণ আইন ধারা 32

A-9 নোটিশটিতে এমন উদাহরণও অন্তর্ভুক্ত যে একটি বিদ্যমান বৈধ শ্রমিক ক্ষতিপূরণ মামলার দাবিদার তার নিয়োগকর্তা বা বিমাকারীর সাথে শ্রমিক ক্ষতিপূরণ আইনের ধারা 32 অনুসারে তার মামলা নিষ্পত্তির জন্য একটি চুক্তি করে। একটি ধারা 32 চুক্তিতে এমন একটি বিধান অন্তর্ভুক্ত থাকতে পারে যা নিয়োগকর্তা বা বিমাকারীকে ভবিষ্যতের মামলা সংশ্লিষ্ট চিকিৎসা বিল পরিশোধের দায় থেকে মুক্ত করে। আপনার হেলথ কেয়ার প্রোভাইডার আপনাকে এই A-9 নোটিশে স্বাক্ষর করতে বলতে পারেন যাতে আপনি তার বিল পরিশোধের ব্যক্তিগতভাবে দায় গ্রহণ করেন যদি আপনি কোনো ধারা 32 চুক্তির অধীনে ভবিষ্যত চিকিৎসা সুবিধা পাওয়ার অধিকার ত্যাগ করেন।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার অ্যাটর্নি বা আপনার কোনো লাইসেন্সপ্রাপ্ত শুনানি প্রতিনিধি থাকলে তার সাথে যোগাযোগ করুন। এছাড়াও আপনি আপনার স্থানীয় ডিস্ট্রিক্ট শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ডের অফিসে যোগাযোগ করতে পারেন।

হেলথ কেয়ার প্রোভাইডার বরাবর

এই নোটিশটি শ্রমিকদের ক্ষতিপূরণের দাবিদারকে অবহিত করার জন্য যে তাকে অর্থপ্রদানের দায় গ্রহণ করতে হতে পারে। দাবিদার এই ফরমে স্বাক্ষর করতে ব্যর্থ হলে এর ফলে দাবিদারকে সেবা প্রদানে প্রোভাইডারের বাধ্যবাধকতা প্রশমিত হয় না বা এটি অর্থপ্রদানের জন্য দাবিদারের দায়িত্বকে অকার্যকর করে না।

আপনার রেকর্ডের জন্য এই মূল ফরমটি রাখুন এবং দাবিদারকে একটি কপি দিন। **শ্রমিকদের ক্ষতিপূরণ বোর্ডের কাছে দাখিল করবেন না।** আপনি সিদ্ধান্তসমূহের নোটিশ পাবেন যেখানে দাবির ক্ষতিপূরণ, চিকিৎসার অনুমোদন বা চিকিৎসা বিল পরিশোধ অন্তর্ভুক্ত রয়েছে। দাবিদার অনুমোদনের জন্য বোর্ডের কাছে ধারা 32 এর কোনো চুক্তি জমা দিলেও আপনাকে অবহিত করা হবে। দাবিদারকে বিল করবেন না যদি না এবং যতক্ষণ না আপনি বোর্ডের একটি সিদ্ধান্ত পান যে 1) দাবিদার দাবির বিচার চালিয়ে যেতে ব্যর্থ হয়েছেন বা 2) তার দাবি অস্বীকার করা হয়েছে বা 3) চিকিৎসার কার্যত কর্মক্ষেত্রে ঘটা আঘাতের সাথে সম্পর্কিত নয় বা 4) চিকিৎসার দায় থেকে বিমাকারীকে মুক্তি দিয়ে ধারা 32 এ করা একটি চুক্তি অননুমোদিত হয়েছে।